গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার
রাজস্ব শাখা
www.moulvibazar.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৬.৫৮০০.০০০.০০৯.১৪.০০১০.২৫. ২৭৮

তারিখ: ২৩ ফাল্গুন ১৪৩২ / ০৮ মার্চ ২০২৬

**মৌলভীবাজার জেলার সাধারণ বালুমহালসমূহ ১৪৩৩ বঙ্গাব্দের ইজারা বিজ্ঞপ্তি**
**(ইজারাযোগ্য সাধারণ বালুমহালসমূহের তালিকা পরিশিষ্ট-'ক')**
**(বিজ্ঞপ্তি নম্বর: ০১/১৪৩৩)**

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মৌলভীবাজার জেলার সাধারণ বালুমহালসমূহ ১৪৩৩ বঙ্গাব্দে দখল প্রদানের তারিখ থেকে ৩০শে চৈত্র পর্যন্ত সময়ের জন্য ইজারা প্রদানের লক্ষ্যে বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা আইন, ২০১০ (সংশোধিত, ২০২৩) ও বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা বিধিমালা, ২০২৫ এর আলোকে এবং নিম্নবর্ণিত শর্তাবলীর অধীনে বালুমহাল ইজারা সম্পর্কে আগ্রহী হালনাগাদকৃত তালিকাভুক্ত ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে নির্ধারিত ফরমে সীলমোহরযুক্ত খামে দরপত্র/দরখাস্ত আহবান করা যাচ্ছে।

**বিজ্ঞপ্তিতে বর্ণিত সর্বশেষ তারিখের মধ্যে প্রতি দরপত্রের জন্য ১,৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জমা প্রদান করে বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট, জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার এর রাজস্ব শাখা এবং এ জেলার সকল উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সমূহ হতে শিডিউল/দরপত্র ক্রয় করা যাবে।**
**দরপত্র ক্রয়ের সময় তালিকাভুক্তি সনদগ্রহীতা/তার পক্ষে প্রতিনিধি কর্তৃক বালুমহাল ইজারার তালিকাভুক্তি সনদ (হালসন পর্যন্ত নবায়নকৃত) এবং জাতীয় পরিচয়পত্রের কপি আবশ্যিকভাবে প্রদর্শন করতে হবে। অন্যথায়, দরপত্র সিডিউল সরবরাহ করা হবে না। দরপত্রদাতাকে তালিকাভুক্তির/হালসনের নবায়নের প্রমাণ অবশ্যই দরপত্রের সাথে জমা দিতে হবে।**

(ক) দরপত্র নির্ধারিত ফরমে সীলমোহরযুক্ত খামে **শুধুমাত্র জেলা প্রশাসকের কার্যালয়ের রাজস্ব শাখা, মৌলভীবাজারে রক্ষিত দরপত্র বক্সে নিম্নবর্ণিত দিনপুঞ্জি মোতাবেক সকাল ০৯:০০ ঘটিকা হতে দুপুর ১:৩০ ঘটিকা পর্যন্ত জমা প্রদান করা যাবে।**

(খ) নির্দিষ্ট তারিখে দিনপুঞ্জি অনুযায়ী বেলা ০৩:৩০ ঘটিকায় উপস্থিত **শুধুমাত্র আবেদনকারী/তার ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির** সম্মুখে দরপত্রসমূহ খোলা হবে এবং পরবর্তী সিদ্ধান্ত গ্রহণ করা হবে। উল্লেখ্য, বিশেষ প্রয়োজনে দরপত্র খোলার সময় পরিবর্তন করা হতে পারে।

(গ) ইজারাগ্রহীতাকে বিধি অনুযায়ী ইজারামূল্য, ইজারা মূল্যের উপর ১৫% ভ্যাট, ১০% আয়কর এবং সরকারের আরোপিত অন্যান্য কর (যদি থাকে) কার্যাদেশ/নোটিশ প্রাপ্তির ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে একসাথে সম্পূর্ণ অর্থ পরিশোধ করতে হবে।

(ঘ) ইজারাগ্রহীতা কর্তৃক নির্দিষ্ট সময়ের মধ্যে সমুদয় অর্থ পরিশোধ না করলে জামানতের অর্থ বাজেয়াপ্তসহ সংশ্লিষ্ট ইজারার কার্যাদেশ বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট বালুমহালের বিষয়ে পরবর্তী সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

(ঙ) দরপত্র দাখিলের সময় দরপত্রের সঙ্গে ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি, সংশ্লিষ্ট ইউপি অথবা পৌর চেয়ারম্যান কর্তৃক স্থায়ী বাসিন্দার সনদ/ন্যাশনাল আইডি কার্ড এর সত্যায়িত কপি, হালনাগাদ ব্যাংক স্বচ্ছলতার সনদপত্র, হালনাগাদকৃত ট্রেড লাইসেন্স, করদাতা সনাক্তকরণ নম্বর (টিআইএন) ও সর্বশেষ আয়কর পরিশোধের প্রমাণপত্র, ভ্যাট সনদ (১ম শ্রেণির জন্য) এবং **প্রদত্ত দরের ২৫% জামানত বাবদ জেলা প্রশাসক, মৌলভীবাজার এর অনুকূলে** আবেদনকারীর নিজস্ব হিসাব/নগদ অর্থ দ্বারা পরিশোধিত যেকোন তফসিলি ব্যাংক হতে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট অবশ্যই দাখিল করতে হবে। ইতোপূর্বে এ কার্যালয় হতে অবমুক্তকৃত কোন পে-ওর্ডার দাখিল করা যাবে না। উল্লিখিত বিষয়সমূহের ব্যত্যয় হলে জেলা কমিটি কর্তৃক গৃহীত সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(চ) দরপত্র/আবেদনে বালু পরিবহনের ব্যবস্থা উল্লেখ করতে হবে।

(ছ) দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র বিক্রয় করা হবে না এবং এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না। কর্তৃপক্ষ যে কোন কারণ দর্শানো ব্যতিরেকে দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

(জ) আবেদনকারী কর্তৃক একই বালুমহালের জন্য একাধিক স্থান হতে একাধিক দরপত্র ক্রয় করা যাবে না। এ বিষয়ে তথ্য পাওয়া গেলে উভয় দরপত্র বাতিল করা হবে।

(ঝ) একটি সাধারণ বালুমহালের জন্য একজন আবেদনকারী কর্তৃক শুধুমাত্র ০১ (এক) টি দরপত্র দাখিল করা যাবে। একই তালিকাভুক্তির সনদ দিয়ে একটি সাধারণ বালুমহালের জন্য একাধিক দরপত্র দাখিল করা হলে উভয় দরপত্রই বাতিল বলে গণ্য হবে।

(ঞ) অন্যান্য তথ্যাদি আবেদন ফরমের সাথে সংযুক্ত থাকবে।

**দরপত্র ফরম প্রাপ্তি ও দাখিলের সময়সূচী**

| পর্যায় | দরপত্র ফরম বিক্রয়ের সর্বশেষ তারিখ ও সময় | দরপত্র ফরম দাখিলের তারিখ, সময় ও স্থান | দরপত্র খোলার স্থান, তারিখ ও সময় | দরপত্র প্রাপ্তির স্থান | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ম | ৩০.০৩.২০২৬ তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত | **৩১.০৩.২০২৬ তারিখ দুপুর ০১:৩০ ঘটিকা পর্যন্ত, রাজস্ব শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার** | জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, মৌলভীবাজার ৩১.০৩.২০২৬ তারিখ বিকাল ০৩:৩০ ঘটিকা | বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট, জেলা প্রশাসকের কার্যালয়, রাজস্ব শাখা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় (সকল), মৌলভীবাজার, | - |
| ২য় | ০৭.০৫.২০২৬ তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত | ১০.০৫.২০২৬ তারিখ দুপুর ০১:৩০ ঘটিকা পর্যন্ত রাজস্ব শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার | জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, মৌলভীবাজার ১০.০৫.২০২৬ তারিখ বিকাল ০৩:৩০ ঘটিকা | বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট, জেলা প্রশাসকের কার্যালয়, রাজস্ব শাখা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় (সকল), মৌলভীবাজার, | ১ম পর্যায়ে অ-ইজারাকৃত বালুমহালের ক্ষেত্রে প্রযোজ্য |
| ৩য় | ১১.০৬.২০২৬ তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত | ১৪.০৬.২০২৬ তারিখ দুপুর ০১:৩০ ঘটিকা পর্যন্ত রাজস্ব শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার | জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, মৌলভীবাজার ১৪.০৬.২০২৬ তারিখ বিকাল ০৩:৩০ ঘটিকা | বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট, জেলা প্রশাসকের কার্যালয়, রাজস্ব শাখা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় (সকল), মৌলভীবাজার, | ২য় পর্যায়ে অ-ইজারাকৃত বালুমহালের ক্ষেত্রে প্রযোজ্য |

**বালুমহালসমূহের তথ্যাদি, দরপত্র ফরম ও দরপত্রের বিস্তারিত শর্তাবলী জেলা প্রশাসকের কার্যালয়ের রাজস্ব শাখা এবং জেলার সকল উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় হতে উপরে বর্ণিত তারিখ ও সময়সূচী অনুযায়ী সংগ্রহ করা যাবে।**

**অন্যান্য শর্তাবলী**

১। প্রতিটি বালুমহালের জন্য পৃথক পৃথক দরপত্র সীলমোহরযুক্ত খামে দাখিল করতে হবে। খামের উপরে বালুমহালের নাম এবং বালুমহাল যে উপজেলায় অবস্থিত তার নাম স্পষ্টভাবে লিখতে হবে। আবেদনপত্রের সাথে সংশ্লিষ্ট বালুমহালের স্কেচম্যাপ/মৌজাম্যাপ সংশ্লিষ্ট অফিস থেকে সংগ্রহপূর্বক নিজ দায়িত্বে দাখিল করতে হবে।

২। দরপত্রদাতা কোন ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট পূর্বের কোন সময়ের ইজারামূল্য বকেয়া থাকলে অথবা রাজস্ব সংক্রান্ত কোন সার্টিফিকেট মামলা থাকলে দরপত্র বাতিল বলে গণ্য হবে।

৩। দরপত্রের নির্দিষ্ট স্থানে দরপত্রদাতার স্বাক্ষর অবশ্যই থাকতে হবে। উদ্ধৃত দর অংকে ও কথায় লিখতে হবে। দরপত্র ফরমে কোন কাটা-ছেঁড়া অথবা ঘষামাজা কিংবা ফ্লুইড ব্যবহার করা যাবে না। অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৪। সর্বোচ্চ দরদাতা একাধিক হলে লটারীর মাধ্যমে তাদের মধ্য হতে একজনকে নির্বাচিত করে বালুমহাল ইজারা বন্দোবস্ত প্রদান করা হবে।

৫। বালুমহাল যেখানে যে অবস্থায় আছে সে অবস্থায় ইজারা প্রদান করা হবে। ইজারাগ্রহীতাকে দরপত্র দাখিলের পূর্বেই সরেজমিন পরিদর্শন করে বালুমহালের প্রকৃত অবস্থা সঠিকভাবে জেনে দরপত্র দাখিল করতে হবে। ইজারা গ্রহণ করার পর ইজারা সংশ্লিষ্ট দাগে বালু নেই, নদী ভরাট হয়ে গেছে, ইজারাবিহীন দাগ হতে বালু উত্তোলনের সুযোগ প্রদান ইত্যাদি যাবতীয় আবেদন অগ্রহণযোগ্য বলে বিবেচিত হবে।

৬। ইজারা দরপত্র অনুমোদন হওয়ার সাত কার্যদিবসের মধ্যে সাকুল্য অর্থ (ইজারামূল্য, ভ্যাট, আয়কর এবং সরকারের আরোপিত অন্যান্য কর (যদি থাকে) এ কার্যালয়ে পরিশোধ করতে হবে। অন্যথায়, ইজারা বাতিলসহ জামানত সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে এবং বালুমহালটি পুনঃইজারা প্রদান করা হবে।

৭। গৃহীত বালুমহালের ইজারা মূল্যের উপর অতিরিক্ত ১৫% ভ্যাট এবং ১০% আয়কর প্রদান করতে হবে। তাছাড়া সরকার কর্তৃক সময় সময় জারীকৃত কর এবং পাওনাদি (যদি থাকে) পরিশোধ করতে হবে। সর্বোচ্চ দরদাতার দর গৃহীত/অনুমোদিত হওয়ার পর বিধি মোতাবেক বালুমহালের ইজারামূল্য, ভ্যাট এবং আয়কর নির্ধারিত সময়ের মধ্যে এ কার্যালয়ে পরিশোধ করতে হবে। সম্পূর্ণ টাকা পরিশোধের সাথে সাথে নিজ দায়িত্বে ৩০০/- (তিনশত) টাকা মুল্যের নন জুডিশিয়াল স্ট্যাম্প সরবরাহ করে চুক্তিপত্র সম্পাদন করতে হবে এবং সংশ্লিষ্ট উপজেলা/ইউনিয়ন ভূমি অফিস থেকে বিধি মোতাবেক নিজ দায়িত্বে দখল গ্রহণ করতে হবে অন্যথায় পরবর্তীতে দখলদেহীর বিষয়ে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না। বালুমহালের দখল বুঝে না পাওয়া পর্যন্ত বালুমহাল থেকে বালু উত্তোলন করা যাবে না। ইহার ব্যত্যয় হলে বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা আইন, ২০১০ (সংশোধিত, ২০২৩) অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

৮। ইজারা গ্রহীতা কোন অবস্থাতেই বালুমহালের কোন অংশ বা অংশ বিশেষ কারো নিকট সাবলিজ প্রদান করতে পারবে না। উক্ত শর্ত লঙ্ঘন করলে সরাসরি ইজারা বাতিল বলে গণ্য হবে এবং ইজারাগ্রহীতার জামানত সরকার বরাবরে বাজেয়াপ্ত হবে এবং বালুমহালটি পুনরায় ইজারা প্রদানের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

৯। গ্যাস লাইন, ওয়াসা লাইন, বিদ্যুৎ লাইন ক্ষতিগ্রস্থ হলে ইজারাগ্রহীতা নিজ দায়িত্বে তা মেরামত করতে বাধ্য থাকিবেন। তাছাড়া ব্রিজ, কালভার্ট, রাস্তাঘাট, ফেরীঘাট, হাটবাজার, চা-বাগান, নদীর বাঁধ, সড়ক, মহাসড়ক ও অন্যান্য গুরুত্বপূর্ণ সরকারি ও বেসরকারি স্থাপনার নিকটবর্তী স্থান এবং পরিবেশের ভারসাম্য বিনষ্ট হয় (যেমন পাহাড়ধ্বস, ভূমিধ্বস অথবা নদী বা খালের পানির স্রোতের গতিপথ পরিবর্তন ইত্যাদি) এমন কোন স্থান যা বালুমহালের তফসিলভুক্ত হলেও বালু উত্তোলন করা যাবে না। পানি উন্নয়ন বোর্ড কর্তৃক বন্যা নিয়ন্ত্রণ বাঁধের বা নদীর বাঁধের/পাড়ের আবাসিক এলাকার কোন ক্ষতি সাধন করা যাবে না। জীববৈচিত্র্য সংরক্ষণ ও পরিবেশ দূষণমুক্ত রাখতে হবে। বালু উত্তোলনের সময় সরকারি, আধাসরকারি, স্বায়ত্বশাসিত ও ব্যক্তিমালিকানাধীন সকল প্রতিষ্ঠানের কোনো স্থাপনা বা অবকাঠামোর ক্ষতি করা যাবে না।

১০। বালু উত্তোলনে পাম্প বা ড্রেজিং বা অন্য কোন মাধ্যমে ভূগর্ভস্থ বালু বা মাটি উত্তোলন করা যাবে না। ড্রেজিং কার্যক্রমে বাল্কহেডে বা প্রচলিত ডলগেট ড্রেজার ব্যবহার করা যাবে না। নদীর স্বাভাবিক বৈশিষ্ট্য অক্ষুন্ন রেখে ১:৩ ঢাল সংরক্ষণ করে বালু বা মাটি উত্তোলন করতে হবে এবং কোন স্থানে অস্বাভাবিক গভীরতায় নদী খনন করা যাবে না। নদীর তলদেশ বাধ্যতামূলকভাবে সুষম স্তরে খনন/বালু উত্তোলন করতে হবে। ড্রেজারের মাধ্যমে বালু বা মাটি উত্তোলন শেষে ড্রেজিং সংক্রান্ত যাবতীয় মালামাল (যেমন- ড্রেজার, পাইপ ইত্যাদি) ইজারাগ্রহীতা দ্রুত সাইট থেকে সরিয়ে নিতে বাধ্য থাকবেন। উত্তোলনকৃত বালু বা মাটি কোন অবস্থাতেই নদীর তীর বা নদীতে ফেলা যাবে না। ইজারাগ্রহীতা কর্তৃক বালুমহালের আয়তন হ্রাস বা ক্ষতিসাধন বা জমির শ্রেণি পরিবর্তন করা যাবে না। নৌপথের অবকাঠামোগত কোন পরিবর্তন করা যাবে না। পরিবেশের ভারসাম্য নষ্ট করা যাবে না।

১১। কোন অবস্থাতেই বালু ব্যতিত অন্য কোন কিছু উত্তোলন করা যাবে না। বালু কাটার পর LLW হতে পানির সর্বোচ্চ গভীরতা ১২.০০ ফুটের বেশি হবে না। বালু উত্তোলনকালে নৌ চলাচলের কোন বিঘ্ন সৃষ্টি করা যাবে না এবং রাত্রিকালে বালু বা মাটি খনন করা যাবে না।

১২। ইজারাগ্রহীতা কর্তৃক বিদ্যমান সরকারি বিধিবিধান এবং সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত যাবতীয় বিধিবিধান অনুসরণ করতে হবে।

১৩। বালুমহালের ইজারা ১৪৩৩ বাংলা সনের দখল প্রদানের তারিখ থেকে ৩০শে চৈত্র, ১৪৩৩ বঙ্গাব্দ পর্যন্ত বলবৎ থাকবে। ১৪৩৩ বঙ্গাব্দের ৩০শে চৈত্রের পর বালুমহালের ইজারাগ্রহীতার কোন স্বত্বস্বার্থ থাকবে না এবং দখল প্রদানের পরবর্তী সময়ের জন্য ৩০শে চৈত্রের পর ক্ষতিপূরণ দাবী বা সময় বৃদ্ধির আবেদন আইনত অগ্রাহ্য হবে এবং এ বিষয়ে কোন প্রকার ওজর আপত্তি করা যাবে না। ১৪৩৩ বঙ্গাব্দের ৩০শে চৈত্রের পর স্বয়ংক্রিয়ভাবে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং এর দখল সরকারের অনুকূলে বর্তাবে।

১৪। **বালুমহালের উপর মন্ত্রণালয়/উচ্চ আদালত/দেওয়ানী আদালত বা অন্য কোন আদালত কর্তৃক স্থগিতাদেশ/স্থিতাবস্থার আদেশ/নিষেধাজ্ঞার আদেশ থাকলে তা প্রত্যাহারের পর বিধি মোতাবেক পরবর্তী ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে এবং সংশ্লিষ্ট উপজেলা**

**নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রেরণ করা হবে। বালুমহালের কোন দাগের উপর কিংবা বালুমহালের উপর বিজ্ঞ আদালতের স্থগিতাদেশ/স্থিতাবস্থার আদেশ/ নিষেধাজ্ঞার আদেশ থাকলে তা নজরে আসা মাত্রই উল্লেখ না হলেও ইজারা বহির্ভূত বলে গণ্য হবে।**

১৫। বালুমহাল ইজারা মেয়াদ চলাকালীন সময়ে আদালতের স্থগিতাদেশ/স্থিতাবস্থা/নিষেধাজ্ঞা বলবতের কারণে ইজারাগ্রহীতা ক্ষতিগ্রস্থ হলে তার জন্য কোন প্রকার ক্ষতিপূরণ দাবি করা যাবে না এবং উক্ত কারণে ইজারার সময়/মেয়াদ বৃদ্ধির আবেদন করা যাবে না; উক্তরূপ আবেদন অগ্রহনযোগ্য ও আইনত অগ্রাহ্য হবে।

১৬। ইজারামূল্য আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না। নির্ধারিত তারিখের মধ্যে সম্পূর্ণ ইজারা মূল্য পরিশোধ করতে ব্যর্থ হলে জামানতের অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে। ইজারা মূল্য, ভ্যাট, আয়করসহ সকল পাওনা একসাথে পরিশোধসাপেক্ষে বালুমহালের দখল প্রদান করা হবে।

১৭। বালুমহাল ইজারা সম্পর্কিত সংশ্লিষ্ট ও প্রয়োজনীয় তথ্য এ কার্যালয়ের রাজস্ব শাখা/সকল উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় থেকে প্রত্যহ অফিস চলাকালীন সময়ে জানা যাবে।

১৮। যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের বিষয়ে জেলা কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। কর্তৃপক্ষ প্রয়োজনবোধে বাস্তবতার আলোকে বালুমহালের তফসিল হ্রাসবৃদ্ধি করার ক্ষমতা সংরক্ষণ করেন। কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন সময় যে কোন পর্যায় দরখাস্ত আহ্বানকারী এ বিজ্ঞপ্তি পরিবর্তন/পরিবর্ধন/স্থগিত/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৯। আবেদনকারী বালুমহালের প্রকৃত অবস্থা সরজমিনে দেখে আবেদন করবেন। ইজারা গ্রহণের পর কোন প্রকার ওজর আপত্তি উথাপন করলে তা গ্রহণযোগ্য হবে না।

২০। ইজারাগ্রহীতার জামানত বাবত দাখিলকৃত ২৫% অর্থের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এ কার্যালয়ে রক্ষিত থাকবে এবং ইজারার মেয়াদ শেষ হওয়ার পর তা ফেরত দেয়া হবে। তবে ইজারাগ্রহীতা ইজারার কোন শর্ত বা আইন-বিধি ভঙ্গ করলে ইজারা বাতিলক্রমে উক্ত জামানত সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে এবং পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

২১। বালু উত্তোলনের বিষয়ে সরকার কর্তৃক সকল নির্দেশনা, বিধি-বিধান মেনে চলতে হবে। বর্ণিত কোন শর্ত ভঙ্গ করলে জেলা প্রশাসক তাৎক্ষণিকভাবে বালু উত্তোলন বন্ধ করতে পারবেন এবং ইজারা বাতিল বলে গণ্য হবে।

২২। মুক্তিযুদ্ধের বদ্ধভূমি বা অনুরূপ গুরুত্বপূর্ণ স্থাপনা সংলগ্ন স্থানসমূহ ইজারা বহির্ভূত বলে গণ্য হবে। কেউ এ স্থানসমূহ হতে বালু উত্তোলন করলে ইজারা বাতিলপূর্বক জামানতের অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে।

২৩। **মামলাজনিত বালুমহালসমূহের মামলা নিষ্পত্তি হওয়ার পর ইজারাগ্রহীতার অনুকূলে ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে। এজন্য দেরীতে দখল বুঝে পাওয়ার অজুহাত দেখিয়ে পরবর্তীতে মেয়াদ বৃদ্ধির আবেদন সর্ব আদালতে আইনত অগ্রাহ্য হবে।**

২৪। দরপত্র যে পর্যায়ে বা সময়ে আহ্বান করা হোক না কেন দখল গ্রহণের হতে ১৪৩৩ বাংলা সনের ৩০শে চৈত্র পর্যন্ত ইজারা বলবৎ থাকবে। দখল গ্রহণ/প্রদানে বিলম্ব হয়েছে, বৃষ্টি না হওয়ায় উজান হতে বালু আসেনি, পানি প্রবাহে বাঁধ দেয়ার কারনে বা বাঁধ না ছাড়ার কারনে বালুমহালে বালু জমা হয়নি এরূপ অজুহাতে ইজারার মেয়াদ বর্ধিত করার আবেদন দাখিল করা যাবে না এরূপ আবেদন সব আদালতে অগ্রাহ্য হবে।

২৫। বালুমহালের কোন অংশ পার্শ্ববর্তী দেশের সীমান্তের সন্নিকটে অবস্থিত হলে সেখান হতে বালু উত্তোলন করা যাবে না (ইজারা তফসিলে অন্তর্ভুক্ত থাকলেও) এবং সীমান্ত সংলগ্ন সকল বিধি বিধান মেনে চলতে হবে।

২৬। জেলা প্রশাসক কর্তৃক নির্ধারিত স্থান ব্যতীত অন্য কোন স্থানে বালু স্টকিং এবং সাব-লীজি কর্তৃক বালু বিক্রয় করা যাবে না। ইহার ব্যত্যয় হলে ইজারা বাতিল করা হবে এবং আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

২৭। ইজারাদার কর্তৃক বালুমহাল হতে উত্তোলনকৃত বালু অন্য কোন বালুমহালের মৌজাতে/যেসব মৌজাতে বালুমহাল ইজরাধীন নয় সেসব স্থানে বালু স্টক/বিক্রয় করা যাবে না।

২৮। বালু পরিবহনের ফলে রাস্তাঘাট, ব্রীজ, কালভার্টের কোন ক্ষতি করা যাবে না এবং ধারণ ক্ষমতার অতিরিক্ত বালু পরিবহন করা যাবে না। অন্যথা হলে বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা আইন, ২০১০ (সংশোধিত, ২০২৩) অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে এবং প্রয়োজনে ইজারা বাতিল করা হবে।

২৯। ইজারা ডাকে অংশগ্রহণকারী সকল অকৃতকার্য দরদাতাদের পে-অর্ডার ইজারা কার্যক্রম শেষ হওয়ার পর **(অর্থাৎ ইজারা দরপত্রে কৃতকার্য ব্যক্তি সরকারি রাজস্ব পরিশোধসাপেক্ষে চুক্তিপত্র সম্পাদনের পর)** ফেরত প্রদান করা হবে।

৩০। কোনো প্রাকৃতিক, মানবসৃষ্ট বা অন্য কোনো কারণে বালু উত্তোলন/পরিবহন/বিক্রয় করা না গেলে, উক্ত কারণে কোনো প্রকার ক্ষতিপূরণ দাবি করা যাবে না এবং এরূপ অজুহাতে বালুমহালের ইজারার মেয়াদ বৃদ্ধির আবেদন দাখিল করা যাবে না। এরূপ আবেদন সর্ব আদালতে অগ্রাহ্য হবে। সর্বাবস্থায় বালুমহালের ইজারার মেয়াদ দখল প্রদানের তারিখ হতে ১৪৩৩ বাংলা সনের ৩০শে চৈত্র পর্যন্ত।

৩১। ইজারা তফসিলে অন্তর্ভুক্ত থাকলেও কোনো ব্রিজের চারপাশে ০১ কিলোমিটারের মধ্যে বালু উত্তোলন করা যাবে না।

৩২। ইজারাগ্রহীতা সংশ্লিষ্ট বালুমহালের দখল বুঝে পাওয়ার পর বালু উত্তোলন কার্যক্রম আরম্ভের ন্যূনতম ০৭ (সাত) দিন পূর্বে জেলা প্রশাসক, সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার এবং সংশ্লিষ্ট সহকারী কমিশনার (ভূমি)-কে লিখিতভাবে অবহিত করতে হবে।

৩৩। ১৪৩৩ বঙ্গাব্দের ৩০শে চৈত্রের পর সংশ্লিষ্ট বালুমহালের ওপর সংশ্লিষ্ট ইজারাগ্রহীতার সকল অধিকার বিলুপ্ত হবে এবং সংশ্লিষ্ট বালুমহালে থাকা ইজারাগ্রহীতার সকল স্থাপনা, যন্ত্রপাতি, যানবাহন ও স্তূপীকৃত বালু অপসারণ করতে হবে।

৩৪। ইজারার মেয়াদ শেষ হওয়ার পর সংশ্লিষ্ট বালুমহালের তফসিলের মধ্যে এবং অনুমোদনবিহীন কোনো স্থানে স্তূপীকৃত বালু থাকলে তাতে ইজারাগ্রহীতার কোনো স্বত্বস্বার্থ ও অধিকার থাকবে না। ১৪৩৩ সালের ইজারাগ্রহীতা কর্তৃক অনুমোদিত স্থানে স্তূপীকৃত বালু থাকলে, তা ইজারার মেয়াদ শেষ হওয়ার পরবর্তী ০১ (এক) মাসের মধ্যে অপসারণ করতে হবে।

৩৫। জেলা প্রশাসকের অনুমতি ব্যতীত কোন স্থানে বালু স্টক বা মজুদ করলে, তা অবৈধ হিসেবে গণ্য হবে এবং বিধি মোতাবেক জব্দকৃত বালু নিষ্পত্তি করা হবে।

৩৬। ইজারাবিহীন কোনো স্থান এবং নদীর তীর-সংলগ্ন স্থান হতে বালু বা মাটি উত্তোলন করা যাবে না।

৩৭। উত্তোলিত বালু ইজারাগ্রহীতার নিজস্ব ব্যবস্থাপনায় অনুমোদিত স্থানে রাখতে/ফেলতে হবে। কোনো অবস্থাতেই তা নদী, খাল, বিল, হাওড়, নদীর ফোরশোর, পাবলিক ইজেমন্ট ও অনুমোদনবিহীন কোনো স্থানে রাখা/ফেলা যাবে না।

৩৮। ইজারাগ্রহীতা সূর্যোদয় হতে সূর্যাস্ত পর্যন্ত সময়ের মধ্যে বালু উত্তোলন ও পরিবহন করতে পারবে।

৩৯। উপর্যুক্ত শর্তাবলীর যে কোন এক বা একাধিক শর্তের ব্যত্যয় ঘটলে ইজারা বাতিল/ক্ষতিপূরণ আদায়সহ অন্যান্য আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৪০। বিজ্ঞপ্তিতে কোনো বিষয়ে অস্পষ্টতা থাকলে, সংশ্লিষ্ট আইন-বিধি ও কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক কার্যক্রম গ্রহণ করা হবে।

**ইজারাযোগ্য সাধারণ বালুমহালসমূহের বিবরণ (পরিশিষ্ট-'ক')**

**উপজেলা: মৌলভীবাজার সদর**

| ক্র নং | বালুমহালের নাম | মৌজা ও জেএলনং | দাগ নম্বর | মোট আয়তন (একরে) | ১৪৩৩ বাংলা সনের জন্য ধার্যকৃত সরকারি ইজারা মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ০১ | ধলাই ও মনুনদী আংশিক -১ | বাঁশতলা-১০১ | এস.এ দাগ নং- ০১, ১/১০০৮ | ৪২.৯২ | ৮০,০৮,০০০/- | |
| | | শ্যামের কোনা-১০২ | এস.এ দাগ নং- ১৭৬, ৩১০, ৩৬০, ৩৭৯, ৭৭৭, ৮৫৩, ৮৫৫, ১৭৬/৮৫৭, ১৯৭৯, ২০৯৬, ২৬৬০ | | | |
| ০২ | মনুনদী আংশিক-৭ | সম্পাসী উত্তর-৬৫ | এস.এ দাগ নং- ০১, ৩০, ৯৩৩, ৯৫১, ১০৮১, ১১২৪, ১১২৫, ১৫১৬, ১৫১৭, ১৭১৮, ১৭১৯, ১৭৪৭ | ১৯.৭৬ | ১৬,৯৯,৫০০/- | |
| ০৩ | মনুনদী আংশিক-৯ | গয়ঘর উত্তর-৬৩ | এস.এ দাগ নং- ১০৫৫, ১০৪১, ১০৪২, ১০৩৫ | ০৩.৫৮ | ২৯,৩১,৪১৯/- | |
| ০৪ | মনুনদী আংশিক-১০ | বাসুদেবশ্রী-৪১ | আর.এস দাগ নং- ১৬০৮, ২১৯৭ | ১৬.৫৭ | ১৪,১৫,৪০৭/- | |
| ০৫ | মনুনদী আংশিক-১২ | পাগুড়িয়া-৪০ | আর.এস দাগ নং- ০১ | ০৯.৬০ | ৬,২৫,১৬৭/- | |
| ০৬ | মনুনদী আংশিক-১৩ | মীরপুর-৩৭ | আর.এস দাগ নং- ১৪৫৪ | ১৩.৬০ | ১০,৯৪,৭৫৭/- | |
| ০৭ | মনুনদী আংশিক-১৫ | পালপুর-৩৬ | আর.এস দাগ নং- ১৬২৮, ১৬২৯ | ০৯.৯৭ | ১০,৬১,৩১৬/- | |
| ০৮ | মনুনদী আংশিক-১৭ | দুর্লভপুর-৮৩ | আর.এস দাগ নং- ৬৮২, ৬৮৩, ৭১৬ | ১০.৩১ | ৮৭,২৬,৬৬৭/- | |
| ০৯ | মনুনদী আংশিক-১৯ | আখাইলকুড়া-৪৭ | আর.এস দাগ নং- ০১ | ০৬.৭৫ | ২৮,৭৬,১৩৪/- | |
| ১০ | গাবরুছড়া | গিয়াসনগর-১৯০ | আর.এস দাগ নং- ১৩৪, ১৩৭, ৬৩১ | ০.৮৬ | ৩,৯৮,৮০৫/- | |
| ১১ | রাউতগাও | রাউতগাঁও-১৩১ | আর.এস দাগ নং- ০১, ২৯, ৮৪২ | ৩৫.৯৫ | ৬৫,২৬৭/- | |
| | | নারাইনপাশা-১৪৯ | আর.এস দাগ নং- ০১, ৮৩, ২৩৮৪, ২০০১, ২০৯৬ | | | |

## উপজেলা: শ্রীমঙ্গল

| ক্র নং | বালুমহালের নাম | মৌজা ও জেএলনং | দাগ নম্বর | মোট আয়তন (একরে) | ১৪৩৩ বাংলা সনের জন্য ধার্যকৃত সরকারি ইজারা মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১২ | গোপলাছড়া | জিলাদপুর-৩৯ | আর.এস দাগ নং- ১৬৩৯, ১৬৫২, ১৮২৬, ১০৬৩, ১১৮৮, ১২৭ | ১৪.৮৫ | ১১,৮৪,৭০০/- | |
| ১৩ | শিয়ালছড়া | বাঘলপুর-৫৪ | আর.এস দাগ নং- ৮৭৪, ৯২০ | ০২.৩৩ | ৭,৬২,৮৫০/- | |
| | | মাইজদিহি-৫০ | আর.এস দাগ নং- ২৬৬৫, ২০০৫ | | | |

## উপজেলা: রাজনগর

| ক্র নং | বালুমহালের নাম | মৌজা ও জেএলনং | দাগ নম্বর | মোট আয়তন (একরে) | ১৪৩৩ বাংলা সনের জন্য ধার্যকৃত সরকারি ইজারা মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১৪ | উদনাছড়া | নন্দীউড়া-৭২ | আর.এস দাগ নং- ৫৩৯৮ | ০৫.৭৩ | ৭,৫৩,৮৬৭/- | |
| | | ভূজবল-৭১ | আর.এস দাগ নং- ৯৭১, ১০৪২ | | | |
| ১৫ | মনুনদী 'ক' আংশিক (১ম খন্ড) বালুমহাল | একামধু-১২৩ | এস.এ দাগ নং- ৩২০১/৩২০৩, ২৯২২/৩২০৪, ২৩৪/১৭৫৪ | ৫৫.০৫ | ৯০,০৩,৫০০/- | |
| | | কাছারী-১৩০ | এস.এ দাগ নং- ১৭০৩/১৭৬০, ১৭০৩/১৭৬১, ১৭০৪, ১৭০৩, ১৭৪৪/১৭৬২, ২৫২৭/২৬৩৬ | | | |
| | | কাশীপুর-১৩১ | এস.এ দাগ নং- ৫০১, ৫০২, ৬৩২, ৮২৭, ১২৯৯ | | | |
| | | তারাপাশা-১২৯ | এস.এ দাগ নং- ১১২৬, ১৬৫৮, ১৬৫৮/১৮৪৪, ১৪২২ | | | |
| ১৬ | মনুনদী 'খ' আংশিক (২য় খন্ড) বালুমহাল | একাসন্তোষ-১৩৪ | এস.এ দাগ নং- ১৫৫ | ৫৫.২৩ | ৯৯,৪৭,৬৬৮/- | |
| | | সৈয়দনগর-১১৪ | এস.এ দাগ নং- ১৬৯৭/১৭৬০ | | | |
| | | আদমাবাদ-১১৬ | এস.এ দাগ নং- ৭০৩, ৬৪২ | | | |
| | | প্রেমনগর-১২০ | এস.এ দাগ নং- ১৫০৫ | | | |

## উপজেলা: কমলগঞ্জ

| ক্র নং | বালুমহালের নাম | মৌজা ও জেএলনং | দাগ নম্বর | মোট আয়তন (একরে) | ১৪৩৩ বাংলা সনের জন্য ধার্যকৃত সরকারি ইজারা মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১৭ | বালিয়াছড়া | কুমড়াকাপন-৭৯ | আর.এস দাগ নং- ১১২৮, ১১৩০ | ০১.৫২ | ৮,৩১,৯৬৭/- | |
| ১৮ | ধলাই নদী (২য় খন্ড) | রামচন্দ্রপুর-২৬ | আর.এস দাগ নং- ১২৪৪, ১২৭৬ | ২৩.৩৬ | ২০,০২,০০০/- | |
| | | ধরমপুর-২৭ | আর.এস দাগ নং- ০১, ১২৮২, ১২৮৭ | | | |
| ১৯ | ধলাইনদী | কুমড়াকাপন-৭৯ | আর.এস দাগ নং- ৩৭৮৮, ৩৪৩০, ৩৪৮০, ৩৭৭৭, ৩৭৯০ | ৩৮.০৭ | ১,১৪,০৭,৩৬৭/- | |
| | | আলেপুর-৭৭ | আর.এস দাগ নং- ৮৬০, ৮৬৩, ১৩৪১, ২০, ৭০৪, ১৩৪০ | | | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | মাধবপুর-৮৩ | আর.এস দাগ নং- ৩৯৮৪ | | | |
| | | চৈত্রঘাট-০৬ | আর.এস দাগ নং- ৫০৪, ৭৪৭ | | | |
| | | ধরমপুর-২৭ | আর.এস দাগ নং- ৩৯৯৪ | | | |
| ২০ | লাঘাটা নদী (পতনউষার অংশ) | পতনউষা-১৬ | আর.এস দাগ নং- ১০৬৬, ১০৬৭ | ১৭.৩১ | ১,৯৮,৪৬৪/- | |
| | | রামেশ্বরপুর-৩৬ | আর.এস দাগ নং- ৩৩৬৫, ৩৩৮০/৩৫৭৪, ৩৫৪২ | | | |
| | | শ্রীসূর্য্য-৩৮ | আর.এস দাগ নং- ৭৩৭০, ৭৪০০ | | | |
| | | চান্দপুর-১৮ | আর.এস দাগ নং- ৭৯০ | | | |

**উপজেলা: কুলাউড়া**

| ক্র নং | বালুমহালের নাম | মৌজা ও জেএলনং | দাগ নম্বর | মোট আয়তন (একরে) | ১৪৩৩ বাংলা সনের জন্য ধার্যকৃত সরকারি ইজারা মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ২১ | মনুনদী | সুখনবী-১৪৮ | আর.এস দাগ নং- ২২০৯ | ১৫৫.০৫ | ৪,৭৭,০৩,৩৩৪/- | মহামান্য হাইকোর্টে রীট মামলা নং ২১৩২/২০২৫, ১১৯৪৬/২০২৫ এবং ১৪১০০/২০২৫ চলমান রয়েছে। মহামান্য হাইকোর্টের ২১৩২/২০২৫ রীট মামলার নিষ্পত্তি সাপেক্ষে জালালপুর মৌজায় দখলদেহী প্রদান করা হবে। |
| | | দাউদপুর-১৩৩ | আর.এস দাগ নং- ৪২৭ | | | |
| | | রণচাপ-১৩২ (পাইকপাড়া) | আর.এস দাগ নং- ০১, ১১৩৪, ১২৩, ১৯০, ১১০৮, ১১০৯, ১১১০, ১১৩২, ২০০১, ২৭২৬, ৩৪০১, ২৭৬৫, ২৭৪২ | | | |
| | | জালালপুর-৯০ | আর.এস দাগ নং- ০১, ২৬৯, ২৭৭, ২৭৭/৩০৫ | | | |
| | | মাথাবপুর-৯২ | আর.এস দাগ নং- ২৫০ | | | |
| | | কটারকোনো-৮৩ | আর.এস দাগ নং- ৩৯২, ১৮৮/৮০২, ৩৮১/৮০৩, ৩৯২/৮০৪ | | | |
| | | বারইগাঁও-৮২ | আর.এস দাগ নং- ৫৬১, ৫৫৭, ১৬২৭/১৭৩২, ৫৬২, ১৬৭১, ১৬৬৪, ১৬৬৫, ১৬৬৬, ১৬৬৭, ১৬৬৮, ১৬২৭, ১৭৩০, ১৬৭১, ৩৩০১ | | | |
| | | কাউকাপন-৮১ | আর.এস দাগ নং- ৩৮৪, ১১২৪, ২৮৫১ | | | |
| | | উপরিভাগ-১১০ | আর.এস দাগ নং- ৫৮৬ | | | |
| ২২ | গোগালীছড়া | সাদেকপুর-৩৫ | আর.এস দাগ নং- ৫৭৪৬, ৫৪৬৮, ৫৪৬৬ | ০৫.২৬ | ১,২৫,৬২৫/- | |
| ২৩ | ফানাইনদী (নর্তন) | উত্তরকৌলা-৯৭ | এস.এ দাগ নং- ১৯৩৪, ২২৩, ৩৪৬, ৬৪০২, ১৩৭৪, ৫৭৯ | ১২.০৯ | ১,৪১,৮৬৪/- | |
| | | নর্তন-৯২ | এস.এ দাগ নং- ৩১২৬, ৪১৫৭, ৩৪৪, ৪০৬৩, ৩৬, ৩১০ | | | |
| ২৪ | ফানাইনদী (কর্মধা) | কর্মধা-৮৭ | এস.এ দাগ নং- ১২২৭৬, ১২৪৪৪, ১২৫৪০, ১০২১৯, ১০২৩১, ১০৩৮৬, ১২০৪৭, ১০৫৯৫, ১২০১৫ | ১৪.৪০ | ১,৬৪,২৬৮/- | |
| | | আজগরাবাদ-১১৩ | এস.এ দাগ নং- ২০০১, ২০০২ | | | |

**উপজেলা: জুড়ী**

| ক্র নং | বালুমহালের নাম | মৌজা ও জেএলনং | দাগ নম্বর | মোট আয়তন (একরে) | ১৪৩৩ বাংলা সনের জন্য ধার্যকৃত সরকারি ইজারা মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ২৫ | জুড়ীনদী | দক্ষিণ ভবানীপুর-২৭ | এস.এ দাগ নং- ১৫০১, ১৬৪২, ২৩৬ | ১০০.২২ | ৩৪,৮৩,০১০/- | |
| | | গৌরীপুর-৩০ | এস.এ দাগ নং- ৩০১, ৩০২, ২৯৫, ০১ | | | |
| | | কাশিনগর-৩১ | এস.এ দাগ নং- ৯৪৫, ৯৪৬, ১০৮৫ | | | |
| | | কাপনা পাহাড় টি এস্টেট-৫০ | এস.এ দাগ নং- ১০০৮/১০৯৫ | | | |
| | | বটনী-৪৬ | এস.এ দাগ নং- ০১, ২০৪০ | | | |

**উপজেলা: বড়লেখা**

| ক্র নং | বালুমহালের নাম | মৌজা ও জেএলনং | দাগ নম্বর | মোট আয়তন (একরে) | ১৪৩৩ বাংলা সনের জন্য ধার্যকৃত সরকারি ইজারা মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ২৬ | পাবনীয়াছড়া | নান্দুয়া-৪৩ | আর.এস দাগ নং- ১০৭৯, ৯২৬, ৪১৬, ৪১৭ | ০৪.০৩ | ৪৩,০২৯/- | |
| ২৭ | নিকড়িছড়া | কাঠালতলী-১০৩ | আর.এস দাগ নং- ২৪৫৯ | ০.৫০ | ২০,৩৬৮/- | |
| | | ছোটলেখা দক্ষিণভাগ- ১০২ | আর.এস দাগ নং- ৫৬০৪ | | | |

০৮/৬/২৫

(তৌহিদুজ্জামান পাভেল)
পরিচিতি নম্বর: ১৬৪৭৫
জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলা বালুমহাল ব্যবস্থাপনা কমিটি
ফোন: ০২৪১১১০৪০২
ই-মেইল: dcmoulvibazar@mopa.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৬.৫৮০০.০০০.০০৯.১৪.০০১০.২৫. ২৭৮

তারিখ: ২৬ ফাল্গুন ১৪৩২ / ০৮ মার্চ ২০২৬

অনুলিপি: সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা
০২. সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, ঢাকা
০৩. সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, ঢাকা
০৪. সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা
০৫. বিভাগীয় কমিশনার, সিলেট

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ, ঢাকা
০২. মহাপরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো, ভূতত্ত্ব ভবন, ঢাকা
০৩. মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা
০৪. পরিচালক, বিভাগীয় পরিবেশ অধিদপ্তর, সিলেট
০৫. পুলিশ সুপার, মৌলভীবাজার
০৬. উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মৌলভীবাজার
০৭. অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), মৌলভীবাজার
০৮. নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, মৌলভীবাজার
০৯. নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, মৌলভীবাজার
১০. জেলা মৎস্য কর্মকর্তা, মৌলভীবাজার
১১. বিভাগীয় বন কর্মকর্তা, সিলেট
১২. প্রশাসক, মৌলভীবাজার পৌরসভা/শ্রীমঙ্গল পৌরসভা/কমলগঞ্জ পৌরসভা/কুলাউড়া পৌরসভা/বড়লেখা পৌরসভা
১৩. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, মৌলভীবাজার
১৪. উপজেলা নির্বাহী অফিসার, মৌলভীবাজার সদর/রাজনগর/শ্রীমঙ্গল/কমলগঞ্জ/কুলাউড়া/জুড়ী/বড়লেখা
১৫. নির্বাহী প্রকৌশলী, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, মৌলভীবাজার
১৬. নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, মৌলভীবাজার
১৭. জেলা তথ্য অফিসার, মৌলভীবাজার (বহুল প্রচারের নিমিত্ত)
১৮. সহকারী কমিশনার (ভূমি), মৌলভীবাজার সদর/রাজনগর/শ্রীমঙ্গল/কমলগঞ্জ/কুলাউড়া/জুড়ী/বড়লেখা
১৯. সহকারী পরিচালক, পরিবেশ অধিদপ্তর, মৌলভীবাজার
২০. সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার (জেলা ওয়েব পোর্টালে প্রকাশের অনুরোধসহ)
২১. বিজ্ঞ সরকারি কৌসুলী, মৌলভীবাজার
২২. সম্পাদক..............................ঢাকা / স্থানীয় প্রতিনিধি.............................. মৌলভীবাজার। উক্ত বিজ্ঞপ্তিটি আগামী /০৩/২০২৬ তারিখের মধ্যে ৪ কলামে ১৩ ইঞ্চি আকারে ০৯ ফ্রন্টে আপনার পত্রিকার ভিতরের পাতায় সীমিত পরিসরে কেবলমাত্র ০১ (এক) টি সংখ্যায় জরুরি ভিত্তিতে প্রকাশ করে সৌজন্য কপি প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
২৩. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ইউনিয়ন ভূমি অফিস,......................, উপজেলা:..............., মৌলভীবাজার
২৪. অফিস কপি


৮/৩/২৬

(মোঃ রইছ আল রেজুয়ান)
পরিচিতি নম্বর: ১৮৭৯০
রেভিনিউ ডেপুটি কালেক্টর
ও
সদস্য-সচিব
জেলা বালুমহাল ব্যবস্থাপনা কমিটি
ফোন নম্বর: ০২৪১১১০৩৯৭
ই-মেইল: rdcmoulvibazar@mopa.gov.bd